

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৫

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

বিষয়: “পদ্মা সেতু”র শুভ উদ্বোধন অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সেতু বিভাগে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু বিভাগ, প্রশাসন শাখা এর স্মারক
নং-৫০.০০.০০০০.২০১.১৪.০৭৪.১২.২৭০, তারিখঃ ১৬.০৬.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্র স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ জুন, ২০২২ খ্রিঃ সেতু বিভাগের অধীন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত পদ্মা সেতুর শুভ উদ্বোধন ঘোষণা করা হবে। “পদ্মা সেতু”র শুভ উদ্বোধন অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সচিব, সেতু বিভাগের সভাপতিত্বে গত ১২ জুন, ২০২২খ্রিঃ একটি সভা সেতু বিভাগের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়। সূত্রস্থ স্মারকে প্রাপ্ত উক্ত সভার কার্যবিবরণীর ক্রমিক নং-৩ এ উল্লেখিত পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট “পানি সম্পদ মন্ত্রণালয়কে নদীর ভাঙ্গন কবলিত স্থানে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সভায় পানি উন্নয়ন বোর্ড সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে এ বিষয়ে জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কার্যবিবরণীটি অত্রসাথ প্রেরণ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬-৬-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌবে

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

ফোন: ০২-২২২২৩০১০০

ইমেইল:

ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো, ফরিদপুর/ঢাকা।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৫/১(৫)

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), পূর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৩) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
(বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



১৬-৬-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
প্রশাসন শাখা



‘পদ্মা সেতু’র শুভ উদ্বোধন অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সেতু বিভাগে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মনজুর হোসেন সচিব, সেতু বিভাগ
সভার তারিখ	১২ জুন, ২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	সেতু বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সেতু বিভাগের অধীন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত পদ্মা সেতুর নির্মাণ শেষে উদ্বোধনী অনুষ্ঠান সফলভাবে আয়োজনের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং স্থানীয় প্রশাসনের মধ্যে সমন্বয়ের বিষয়টি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ-কে অনুরোধ জানান।

পদ্মা সেতুর নির্মাণ কাজ শেষ হয়েছে, তাই পদ্মা সেতুর উদ্বোধনে গৃহীত বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	মন্ত্রণালয় / বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত
০১.	জননিরাপত্তা বিভাগ:	সভাপতি বলেন যে, পদ্মা সেতুর উদ্বোধন নিয়ে সারা জাতি অধীর আগ্রহে অপেক্ষা করছে। ২৫ জুন, ২০২২ খ্রি. মুন্সীগঞ্জের মাওয়া, শরীয়তপুরের জাজিরা এবং মাদারীপুরের কাঁঠালবাড়িসহ দেশের সকল জেলা এবং বিভাগীয় শহরে উদ্বোধনী অনুষ্ঠান একযোগে উদযাপিত হবে। এজন্য নিরাপত্তা বিষয়টি অতি গুরুত্বপূর্ণ। যেকোন ধরনের নাশকতা এবং অন্তর্ঘাতমূলক ঘটনা এড়াতে জননিরাপত্তা বিভাগ, আইনশৃঙ্খলা বাহিনীকে সদা প্রস্তুত থাকতে হবে। মাননীয় মন্ত্রী ও সংসদ সদস্যবর্গ, উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন শ্রেণিপেশার ব্যক্তিবর্গ, বিদেশী রাষ্ট্রদূতসহ ৩৫০০ জনের মতো আমন্ত্রিত অতিথিদের নিরাপত্তার জন্য জননিরাপত্তা বিভাগ এবং	০১. এসএসএফ (SSF)-এর সাথে সমন্বয় করে পুলিশ বাহিনীসহ অন্যান্য নিরাপত্তা বাহিনীকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো। ০২. আগত অতিথিদের গাড়ি উপযুক্ত স্থানে পার্কিংয়ের জন্য পুলিশ সুপার, মুন্সীগঞ্জকে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ০৩. সিটি কর্পোরেশন এলাকা এবং ঢাকা-ভাঙ্গা হাইওয়ের নিরাপত্তার জন্য হাইওয়ে

আইন শৃঙ্খলা বাহিনীর সমন্বিত ভূমিকা দরকার হবে। এ সকল ব্যাপারে সভাপতি জননিরাপত্তা বিভাগ থেকে আগত প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। জন নিরাপত্তা বিভাগের প্রতিনিধি জানান, পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষ্যে নিরাপত্তা সংক্রান্ত গৃহীত সমস্ত কার্যক্রম এসএসএফ (SSF)-এর সাথে সমন্বয় করে করা হবে। পুলিশ হেড কোয়ার্টার, হাইওয়ে পুলিশ, নৌ-পুলিশ, ডিএমপিসহ সংশ্লিষ্ট জেলা পুলিশকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভিন্ন ইউনিট তাদের আলাদা নিরাপত্তা পরিকল্পনা প্রস্তুত করছে। জননিরাপত্তা বিভাগ সমস্ত বিষয় মনিটরিং করছে। আলোচনায় পুলিশ সুপার, মুন্সীগঞ্জ অতিথিদের সংখ্যা, গাড়ির সংখ্যা, দাওয়াত কার্ড, গাড়ির স্টিকার, পার্কিং স্থান বিষয়ে আলোচনা করেন। ঢাকা রেঞ্জের ডিআইজি-এর প্রতিনিধি বলেন, উদ্বোধনের দিন যানজট এড়াতে পোস্তগোলা ব্রীজে টোল আদায় কার্যক্রম ঐদিনের জন্য বন্ধ করা যেতে পারে। এছাড়া মেয়র হানিফ ফ্লাইওভার ও এন-৮ (N-8) এর টোল ফ্রি করার জন্য সিটি কর্পোরেশন ও সড়ককে অনুরোধ করা হয়। পুলিশ সুপার (মুন্সীগঞ্জ), পুলিশ সুপার (হাইওয়ে পুলিশ) শিমুলিয়া-মাঝিরকান্দি/কাঁঠালবাড়ি ফেরি এবং এন-৮ (N-8) রাস্তা বন্ধ রাখার অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে ডিসি (ট্রাফিক), ওয়ারী বলেন কখন কোন রুট বন্ধ থাকবে সে ব্যাপারে টেলিভিশন, পত্র-পত্রিকায় আগে থেকে প্রচার প্রচারণা ব্যবস্থা করা দরকার। পুলিশ সুপার (ঢাকা) বলেন যে, এন-৮ (N-8) বন্ধ করে বিকল্প হিসেবে স্থানীয় জনগণকে বাবু বাজার ব্রিজ ব্যবহার করার নির্দেশনা দেয়া যেতে পারে। এসএসএফ (SSF)-এর প্রতিনিধি জানান- সেতুর ৫০০ মিটারের পর্যন্ত তাদের রিভারিয়ান ব্যাটলিয়ানের অধীনে থাকবে। নৌ-পুলিশের অতিরিক্ত আইজিপি বলেন, পদ্মা সেতুর নিরাপত্তায় তাদের ২৪-২৫ টি স্পিড বোট প্রস্তুত থাকবে। এসএসএফ (SSF)-এর নিরাপত্তার এলাকার বাইরে ২-৩ কিমি নৌ-পুলিশ টহল দিবে। প্রতিটি স্পিড বোট এ ৬-৭ জন পুলিশ সদস্য থাকবে। সভাপতি বলেন, নদীতে নৌ অ্যান্শুলেন্স রাখতে হবে। পুলিশ

পুলিশ এবং ডিএমপি/ডিআইজি রেঞ্জ-কে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।
০৪. পুরান ঢাকা এবং কেরানীগঞ্জের স্থানীয় জনগণকে পোস্তগোলা ব্রীজের পরিবর্তে বাবু বাজার ব্রিজ ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।
০৫. পদ্মা সেতুর উভয় পাশের ১ কিমি এসএসএফ (SSF)-এর রিভারিয়ান ব্যাটলিয়নকে দায়িত্ব পালন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
০৬. এসএসএফ (SSF)-এর নিরাপত্তার এলাকার বাইরে ৩ কিমি পর্যন্ত নৌ পুলিশকে টহল দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭. জনসভায় আগতদের বহনকারী লঞ্চ ও স্পিডবোট যাতে অতিরিক্ত যাত্রী পরিবহন না করতে পারে সে ব্যাপারটি নৌ-পুলিশকে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
০৮. পদ্মা নদীতে নৌ-পুলিশ, বাংলাদেশ নৌবাহিনী এবং ফায়ার সার্ভিসের ডুবুরী দল মোতামেদে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
১০. যানজট এড়াতে মেয়র হানিফ ফ্লাইওভার, পোস্তগোলা ব্রীজ ও এন-৮ (N-8)-এর টোল আদায় ২৫ জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত বন্ধ রাখার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা

		<p>সুপার (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ) এবং এসএসএফ (SSF)-এর প্রতিনিধি তিনটি রাস্তা- (ক) পাচ্চর থেকে কাঁঠালবাড়ি ভেনু পর্যন্ত, (খ) নাওডোবা থেকে জাজিরা প্রান্তের অনুষ্ঠানস্থল পর্যন্ত এবং (গ) কাজির পাগলা রোড ও ওয়ারী সরকারি প্রাথমিক বিদ্যালয় রাস্তা মেরামত করা জরুরী। সভাপতি রাস্তাগুলো দ্রুত মেরামতের জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করেন।</p>	<p>হলো।</p> <p>১১. মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তার স্বার্থে ২৪ জুন, ২০২২ দিবাগত রাত ১২:০০ টা হতে ২৫ জুন, ২০২২ সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত শিমুলিয়া-মাঝিরকান্দি/কাঁঠালবাড়ি ফেরি চলাচল বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>১২. মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তার স্বার্থে মেয়র হানিফ ফ্লাইওভার, পোস্তগোলা ব্রীজ ও এন-৮ (N-8) জনসাধারণের জন্য ২৫ জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>১৩. উদ্বোধনের দিন জরুরী প্রয়োজনে লাশবাহী গাড়ি ও অ্যাম্বুলেন্স পাটুরিয়া-দৌলতদিয়াসহ অন্যান্য সুবিধাজনক বিকল্প পথে নেয়ার জন্য ডিএমপি ও সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>১৪. জনসাধারণের জ্ঞাতার্থে বিষয়টি প্রচারের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>
০২.	অর্থ বিভাগ	<p>যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, পদ্মা সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে আপ্যায়নের অতিরিক্ত ব্যয় নিয়ে ব্যয়ের অনুমোদন গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।</p>	<p>০১. আপ্যায়নের অতিরিক্ত ব্যয়ের অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>

০৩.	পানি সম্পদ মন্ত্রণালয়	সভাপতি বলেন যে, পদ্মা সেতু সংলগ্ন নদীর ভাঙ্গান কবলিত স্থানে মেরামতসহ দ্রুত পদক্ষেপ গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	০১. পানি সম্পদ মন্ত্রণালয়কে নদীর ভাঙ্গান কবলিত স্থানে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
-----	---------------------------	--	---

০৪.	স্বাস্থ্য সেবা বিভাগ	<p>সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করে বলেন যে, সুধী সমাবেশ ও জনসভাস্থলে অ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা এবং দায়িত্বরত সকলের কোভিড টেস্ট করার জন্য পদ্মা সেতুর দুই প্রান্তে দুইটি নমুনা সংগ্রহের বুথ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এসএসএফ (SSF)-এর প্রতিনিধি জানান মাননীয় প্রধানমন্ত্রীর সভা উপলক্ষ্যে স্বাস্থ্য সংক্রান্ত সকল নির্দেশনা (Protocol) সিভিল সার্জন (মুন্সীগঞ্জ ও শরীয়তপুর) বাস্তবায়ন করবেন। এছাড়াও অনুষ্ঠানস্থলে মেডিকেল টিম প্রস্তুত, ভ্রাম্যমাণ হাসপাতাল স্থাপন, কোভিড টেস্ট বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<p>০১. সম্ভাব্য দায়িত্বপালনকারী ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মচারীদের তালিকা প্রণয়ন করে সংশ্লিষ্ট পুলিশ সুপারের কাছে এসবি ভেরিফিকেশনের জন্য প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০২. অনুষ্ঠানস্থলে মেডিকেল টিম প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৩. অনুষ্ঠানস্থলে ভ্রাম্যমাণ হাসপাতাল প্রতিষ্ঠা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৪. সুধী সমাবেশ ও জনসভাস্থলে অ্যাম্বুলেন্স প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৫. অতিথিগণের এবং কর্মরতদের প্রয়োজনে কোভিড টেস্ট করার জন্য উদ্বোধনী অনুষ্ঠানের ৪৮ ঘণ্টা পূর্বে নমুনা সংগ্রহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৬. সিভিল সার্জন মুন্সীগঞ্জ, শরীয়তপুর এবং মাদারীপুর এর পাঠানো স্যাম্পল এর পরীক্ষা জরুরী ভিত্তিতে সম্পন্ন করে রিপোর্ট প্রদান করার জন্য সংশ্লিষ্ট হাসপাতালকে নির্দেশনা দেওয়ার জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করা হলো।</p> <p>০৭. প্রয়োজনে দায়িত্বরত সকলের কোভিড টেস্ট করার জন্য পদ্মা সেতুর দুই প্রান্তে দুইটি নমুনা সংগ্রহের বুথ স্থাপন করার জন্য অনুরোধ করা হলো।</p>
-----	----------------------	--	---

০৫.	জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, ভেন্যুর আশেপাশে বিস্ফোরক বা দাহ্য পদার্থ –এর বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।	০১. অনুষ্ঠানস্থলের আশেপাশে বিস্ফোরক বা দাহ্য পদার্থের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
০৬.	পররাষ্ট্র মন্ত্রণালয়	সভাপতি বলেন, বিদেশি রাষ্ট্রদূত এবং বিদেশি অতিথিদের জন্য দাওয়াতপত্র প্রদানের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে উদ্যোগ নিতে হবে। মন্ত্রণালয়কে সকল দূতাবাস, মিশন ও অন্যান্য বিদেশি অতিথিদের দাওয়াতপত্র বিতরণের বিষয়টি নিশ্চিত করার অনুরোধ জানান। এ ব্যাপারে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডেপুটি চিফ অফ প্রটোকল বলেন, রাষ্ট্রদূত এবং উন্নয়ন সহযোগীদের আমন্ত্রণ জানানোর বিষয়টি সমন্বয় করা হবে। তিনি বিভিন্ন রাষ্ট্রদূতদের নিরাপত্তা এবং সমন্বয়ের জন্য কয়েকটি বাসে করে কনভয়ের মাধ্যমে অনুষ্ঠান স্থলে যাওয়ার প্রস্তাব করেন। এ ব্যাপারে এসএসএফ (SSF)-এর প্রতিনিধি তাদের সাথে একমত পোষণ করেন।	০১. সকল বিদেশি দূতাবাস, বিদেশি মিশন ও অন্যান্য আমন্ত্রিত অতিথিদের দাওয়াতপত্র বিতরণ পররাষ্ট্র মন্ত্রণালয়কে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। ০২. বিশ্বব্যাংকসহ অন্যান্য উন্নয়ন সহযোগি প্রতিষ্ঠানসমূহকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে আমন্ত্রণপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭.	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	<p>পুলিশ সুপার, মুন্সীগঞ্জ, ডিআইজি, ঢাকা রেঞ্জের প্রতিনিধি ঢাকা-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে-তে নিরবিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা বজায় রাখার স্বার্থে ২৫/০৬/২০২২ তারিখ এন-৮ (N-8)-এর টোল আদায় বন্ধ রাখার অনুরোধ করেন। এছাড়াও নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়:</p> <ul style="list-style-type: none"> ● পোস্টগোলা ব্রিজের টোল বন্ধ করা, ● ঢাকা-মাওয়া মহাসড়কের উপরে ব্র্যান্ডিং, ● ঢাকা-মাওয়া মহাসড়ক বন্ধ রাখা, ● রাস্তার দুই পাশে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা। 	<p>০১. ঢাকা-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে-তে নিরবিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা বজায় রাখার স্বার্থে ২৫ জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত এন-৮ (N-8)-এর টোল আদায় বন্ধ রাখার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০২. ২৫ জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত পোস্টগোলা ব্রিজের টোল আদায় বন্ধ রাখার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৩. মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তার স্বার্থে ও আমন্ত্রিত অতিথিদের যাতায়াত সুগম করতে পোস্টগোলা ব্রিজ জনসাধারণের জন্য ২৫ জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৪. ঢাকা-মাওয়া মহাসড়কে ব্র্যান্ডিং করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৫. ঢাকা-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৬. মুন্সীগঞ্জ এলাকার রেস্ট হাউজ, পরিদর্শন বাংলো রিজার্ভ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>
-----	-----------------------------	--	---

০৮.	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সভাপতি বলেন যে, প্রকল্প এলাকার ভবনসমূহ নিরাপদ কিনা পরীক্ষা করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	০১. প্রকল্প এলাকার ভবনসমূহ নিরাপদ কিনা পরীক্ষা করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। ০২. হাতিরঝিলের অনুষ্ঠানের ভেন্যু বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।
০৯.	বিদ্যুৎ বিভাগ	সভাপতি বলেন যে, পর্যাপ্ত লোড ক্যাপাসিটিসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিতকরণসহ যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ব্যাপারে বিকল্প বিদ্যুৎ লাইন স্থাপন, জেনারেটর রাখাসহ অন্যান্য বিষয়ে আলোচনা হয়।	০১. পর্যাপ্ত লোড ক্যাপাসিটিসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। ০২. বিকল্প বিদ্যুৎ লাইন / ব্যাকআপ ব্যবস্থা (জেনারেটরসহ) প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। ০৩. পল্লী বিদ্যুতের সঞ্চালন লাইন, Sub Station সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। ০৪. সকল অনুষ্ঠানস্থলে বজ্রপাত নিরোধক ব্যবস্থা স্থাপন করার অনুরোধ করা হলো।
১০.	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ইতিপূর্বে সেতু বিভাগ হতে ৩০ জন শিল্প সাহিত্য, সংস্কৃতি অঙ্গানের ব্যক্তিবর্গের নাম জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। অদ্যবধি তালিকা পাওয়া যায়নি। এ ব্যাপারে সভাপতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করেন।	০১. ৩০ জন শিল্প সাহিত্য, সংস্কৃতি অঙ্গানের ব্যক্তিবর্গের নাম জরুরী ভিত্তিতে প্রেরণ করার অনুরোধ করা হলো। ০২. নির্ধারিত সময়ের মধ্যে থিম সং প্রস্তুত করার অনুরোধ করা হলো।
১১.	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	যুগ্মসচিব (প্রশাসন) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কার্যপরিধি সভাকে অবহিত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তার স্বার্থে ২৪ জুন, ২০২২ রাত্রি ১২:০০ টা হতে ২৫ জুন, ২০২২ সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত শিমুলিয়া-মাঝিরকান্দি/কাঁঠালবাড়ি ফেরি চলাচল বন্ধ রাখা, মেয়র হানিফ ফ্লাইওভার, পোস্তুগোলা ব্রীজ ও এন-৮ (N-8) জনসাধারণের জন্য ২৫	০১. জাতীয় (বাংলা ও ইংরেজী) পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করার অনুরোধ করা হলো। ০২. সংবাদ পরিবেশনের দায়িত্বপ্রাপ্ত সাংবাদিকদের প্রবেশাধিকারের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস

	<p>জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত বন্ধ রাখা এবং উদ্বোধনের দিন পোস্তগোলা ব্রীজ বন্ধ থাকায় স্থানীয় জনসাধারণকে যাতায়াতের জন্য বাবুবাজার ব্রীজসহ তৎসংলগ্ন গ্রামীণ রাস্তা ব্যবহারের ব্যাপারে আলোচনা হয় এবং বিষয়টি সকলের জ্ঞাতার্থে বহল প্রচার করা যেতে পারে মর্মে সভার সকল সদস্য জোর দেন।</p>	<p>উইং-এর সাথে সমন্বয় করে যাবতীয় কার্যদি সম্পন্ন করার অনুরোধ করা হলো।</p> <p>০৩. নির্ধারিত সময়ের মধ্যে প্রামাণ্যচিত্র নির্মাণ শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৪. পদ্মা সেতুর উদ্বোধনের সকল অনুষ্ঠান বিটিভি এবং বাংলাদেশ বেতারসহ সর্বস্তরে সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৫. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জনসাধারণের জ্ঞাতার্থে নিম্নোক্ত বিষয়গুলো বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো :</p> <ul style="list-style-type: none"> • ২৪ জুন, ২০২২ দিবাগত রাত ১২:০০ টা হতে ২৫ জুন, ২০২২ সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত শিমুলিয়া-মাঝিরকান্দি/কাঁঠালবাড়ি ফেরি চলাচল বন্ধ রাখা, • মেয়র হানিফ ফ্লাইওভার, পোস্তগোলা ব্রীজ ও এন-৮ (N-8) জনসাধারণের জন্য ২৫ জুন, ২০২২ সকাল ০৬:০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ পর্যন্ত বন্ধ রাখা, • উদ্বোধনের দিন পোস্তগোলা ব্রীজ বন্ধ থাকায় স্থানীয় জনসাধারণকে যাতায়াতের জন্য বাবুবাজার ব্রীজসহ তৎসংলগ্ন গ্রামীণ রাস্তা ব্যবহার করা।
--	--	---

১২.	স্থানীয় সরকার বিভাগ	<p>যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগের কার্যপরিধি সভাকে অবহিত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় এসএসএফ (SSF)-এর প্রতিনিধি জানান যে, মুন্সীগঞ্জের মাওয়া প্রান্ত, শরীয়তপুরের জাজিরা এবং মাদারীপুরের কাঁঠালবাড়ির তিনটি সংযোগ রাস্তা (১) পাচ্চর থেকে কাঁঠালবাড়ি ভেন্যু পর্যন্ত, (২) নাওডোবা থেকে কাঁঠালবাড়ি ভেন্যু পর্যন্ত এবং (৩) লৌহজং উপজেলার কাজির পাগলা রোড ও ওয়ারী সরকারি প্রাথমিক বিদ্যালয় রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও ডিসি, ডিএমপি হেড কোয়ার্টার জানান যে, হানিফ ফ্লাইওভারে টোল আদায় কার্যক্রম চালু থাকলে যানজট তৈরি হবে। তিনি উদ্বোধনের দিন হানিফ ফ্লাইওভারে টোল ফ্রি করার জন্য অনুরোধ করেন।</p>	<p>০১. ২৫/০৬/২০২২ তারিখ হানিফ ফ্লাইওভার টোলমুক্ত ঘোষণা করার জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে নির্দেশনা দেওয়ার জন্য স্থানীয় সরকার বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০২. মুন্সীগঞ্জের মাওয়া প্রান্ত, শরীয়তপুরের জাজিরা এবং মাদারীপুরের কাঁঠালবাড়ির তিনটি সংযোগ রাস্তা (১) পাচ্চর থেকে কাঁঠালবাড়ি ভেন্যু পর্যন্ত, (২) নাওডোবা থেকে কাঁঠালবাড়ি ভেন্যু পর্যন্ত এবং (৩) লৌহজং উপজেলার কাজির পাগলা রোড ও ওয়ারী সরকারি প্রাথমিক বিদ্যালয় রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করার জন্য স্থানীয় সরকার বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৩. অনুষ্ঠানস্থলে গমনের সকল সড়ক ও মহাসড়ক এবং অনুষ্ঠানস্থলের দুই পাশে পরিষ্কার পরিচ্ছন্নতা (ঢাকা সিটি কর্পোরেশন থেকে শুরু করে কেরানীগঞ্জ, মুন্সীগঞ্জ হয়ে পদ্মা সেতুস্থল) অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৪. জেলা পরিষদের ডাকবাংলো রিজার্ভ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৫. সকল অনুষ্ঠানে সুপেয় পানি ও স্যানিটেশনের ব্যবস্থা করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>
-----	----------------------	--	--

১৩.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	যুগ্মসচিব (প্রশাসন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কার্যপরিধি সভাকে অবহিত করেন। তিনি জানান পদ্মা সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ৩০ জন বীর মুক্তিযোদ্ধাদের নামের তালিকা প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। এ ব্যাপারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে ৩০ জনের পরিবর্তে ৫০ জন করার অনুরোধ করেন। সভাপতি মহোদয় ৫০ জনের তালিকা প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	০১. ৫০ জন বীর মুক্তিযোদ্ধার (পদকধারী, যুদ্ধাহত, অসম্মল বীর মুক্তিযোদ্ধা, বীরাজ্ঞনাসহ) নাম জরুরী ভিত্তিতে প্রেরণ করার অনুরোধ করা হলো।
১৪.	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	যুগ্মসচিব (প্রশাসন) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কার্যপরিধি সভাকে অবহিত করেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিনিধি সভাকে জানান স্মারক ডাকটিকেট এবং সুভিন্যের ডিজাইন মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে দ্রুততম সময়ে মুদ্রণ করা হবে।	০১. মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে দ্রুততম সময়ে স্মারক ডাকটিকেট এবং সুভিন্যের মুদ্রণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। ০২. স্মারক ডাকটিকেট এবং সুভিন্যের মুদ্রণের ব্যয়ের চাহিদা দ্রুততম সময়ে সেতু বিভাগে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। ০৩. সেতুর নিরাপত্তা নিশ্চিত করে নিরবচ্ছিন্ন মোবাইল নেটওয়ার্ক স্থাপনের জন্য মোবাইল অপারেটরদের নির্দেশনা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। ০৪. সার্ভিস এরিয়া-১ (মাওয়া) ও সার্ভিস এরিয়া-২ (জাজিরা) তে টেলিফোন লাইন স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। ০৫. বিটিভির সরাসরি সম্প্রচারের জন্য অপটিকাল ফাইবারের লাইন স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।

১৫.	সুরক্ষা সেবা বিভাগ	<p>যুগ্মসচিব (প্রশাসন) সুরক্ষা সেবা বিভাগের কার্যপরিধি সভাকে অবহিত করেন।</p> <p>সভায় এসএসএফ (SSF)-এর প্রতিনিধি মাননীয় প্রধানমন্ত্রীর হেলিপ্যাড, সুধী সমাবেশ স্থল ও কাঁঠালবাড়ির জনসভা স্থলে ফায়ার সার্ভিসের সুরক্ষা ব্যবস্থাসহ ফায়ার সার্ভিসের দল প্রস্তুত থাকবে।</p>	<p>০১. মাননীয় প্রধানমন্ত্রীর হেলিপ্যাড, সুধী সমাবেশ স্থল ও কাঁঠালবাড়ির জনসভা স্থলে ফায়ার সার্ভিস প্রটোকল মোতাবেক সর্বোচ্চ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।</p> <p>০২. পদ্মা নদীতে ফায়ার সার্ভিসের ডুবুরী দলের একটি টিম মোতায়েন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।</p> <p>০৩. ফায়ার সার্ভিস সকল অনুষ্ঠানস্থলের ধুলাতে পানি ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।</p>
১৬.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	<p>যুগ্মসচিব (প্রশাসন) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কার্যপরিধি সভাকে অবহিত করেন। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি সভাকে জানান স্মারক নোট ও স্মারক রৌপ্য মুদ্রার মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।</p>	<p>০১. নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ ব্যাংক স্মারক মুদ্রা ও নোট প্রস্তুত করবে। এ ব্যাপারে আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে সমন্বয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>

১৭.	বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়	<p>যুগ্মসচিব (প্রশাসন) বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের কার্যপরিধি সভাকে অবহিত করেন। যুগ্মসচিব (প্রশাসন) আপ্যায়ন কমিটি আহ্বায়ক হিসেবে সভাকে জানান মাওয়া প্রান্তের সুধী সমাবেশে ৩৫০০ আগত অতিথিসহ অন্যান্যদের জন্য মোট ১০০০০ প্যাকেটে উপযুক্ত খাবার (নাস্তা) বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মাধ্যমে সরবরাহ করা হবে। সভাপতি মহোদয় সুধী সমাবেশ স্থলের মধ্যে আগত ৫০০০ জনের হালকা আপ্যায়নের জন্য (টেন্টের মাধ্যমে) বাংলাদেশ পর্যটন কর্পোরেশনকে দায়িত্ব প্রদান করেন। এ সংক্রান্ত প্রয়োজনীয় চাহিদা পর্যটন কর্পোরেশন প্রেরণ করবে।</p>	<p>০১. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ১০০০০ প্যাকেটে মানসম্মত খাবার সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০২. পর্যটন কর্পোরেশন খাবার যথাসময়ে পৌঁছানো ও বিতরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৩. প্রয়োজনীয় সংখ্যক চিলার ভ্যানে খাবার রেখে বিতরণ করার অনুরোধ করা হলো।</p> <p>০৪. সুধী সমাবেশ স্থলে ৫০০০ জনের হালকা আপ্যায়ন (পানি, চকলেট, বিস্কুট, কেক, কফি-ক্যান্ডি ইত্যাদি)-এর প্রয়োজনীয় ব্যবস্থা করার অনুরোধ করা হলো।</p> <p>০৫. নিরাপত্তা পাশের জন্য ক্যাটারিং সার্ভিসের সদস্যদের নামের তালিকা (এনআইডি ও কোভিড টেস্টের রিপোর্টসহ) প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>
১৮.	নৌ পরিবহন মন্ত্রণালয়	<p>যুগ্মসচিব (প্রশাসন) নৌ পরিবহন মন্ত্রণালয়ের কার্যপরিধি সভাকে অবহিত করেন। সভায় মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, তাদের বিআইডব্লিউটিএ'র নিজস্ব পরিদর্শন জাহাজ, নৌ হাসপাতাল, নৌ অ্যাম্বুলেন্স আছে। প্রয়োজন হলে এগুলো জরুরী ভিত্তিতে রাখা যেতে পারে।</p>	<p>০১. বিআইডব্লিউটিএ'র নিজস্ব পরিদর্শন জাহাজ (পরিদর্শী) মাওয়া ও জাজিরা প্রান্তে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।</p> <p>০২. বিআইডব্লিউটিএ'র অন্যান্য পরিদর্শন জাহাজ পদ্মা নদীতে প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৩. বিআইডব্লিউটিএ'র নৌ হাসপাতাল ও নৌ অ্যাম্বুলেন্স ডাক্তারসহ প্রস্তুত রাখার ব্যাপারে নৌ পরিবহন মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো।</p> <p>০৪. বিআইডব্লিউটিএ'র ডুবুরী</p>

		<p>দলকে ফায়ার সার্ভিস এবং বাংলাদেশ নৌবাহিনীর ডুবুরী দলের সাথে সমন্বিতভাবে কাজ করার জন্য নৌ পরিবহন মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।</p> <p>০৫. পদ্মা নদীতে লঞ্চ ও অন্যান্য জলযান চলাচলে এসএসএফ (SSF)-এর নির্দেশনা অনুযায়ী পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।</p> <p>০৬. মাওয়া, জাজিরা ও কাঁঠালবাড়ি ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p> <p>০৭. ২৪ জুন, ২০২২ রাত্রি ১২:০০ টা হতে ২৫ জুন, ২০২২ সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত বিকল্প জরুরী ব্যবস্থা রেখে শিমুলিয়া-মাঝিরকান্দি/কাঁঠালবাড়ি ফেরি চলাচল বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।</p>
--	--	---


১৯.	জেলা প্রশাসক, ঢাকা	জেলা প্রশাসক, ঢাকা সভায় জানান যে, তারা হাতিরঝিলে লেজার শো এবং সোহরাওয়ার্দী উদ্যানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সম্ভাব্য সকল প্রস্তুতি গ্রহণ করেছেন। হাতিরঝিলে দর্শনার্থী বসার আসন সংখ্যা কম হওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতিক্রমে সোহরাওয়ার্দী উদ্যানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের করবে।	০১. জেলা প্রশাসক, ঢাকা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে হাতিরঝিলে লেজার শোর অনুষ্ঠান বাস্তবায়ন করার অনুরোধ করা হলো। ০২. জেলা প্রশাসক, ঢাকা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে সোহরাওয়ার্দী উদ্যানের সাংস্কৃতিক অনুষ্ঠান বাস্তবায়ন করার অনুরোধ করা হলো। ০৩. জেলা প্রশাসক, ঢাকা ঢাকা শহর ব্র্যান্ডিং-এর ক্ষেত্রে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে কাজ করার অনুরোধ করা হয়।
২০.	প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সভাপতি মহোদয় প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-কে হাতিরঝিলের অনুষ্ঠিত লেজার শো-তে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। এছাড়াও সভাপতি মহোদয় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উল্লেখযোগ্য স্থানে বর্গিল আলোকসজ্জাসহ পদ্মা সেতুর বিভিন্ন ব্যানার ফেস্টুন স্থাপনের জন্য অনুরোধ করেন।	০১. জেলা প্রশাসক, ঢাকা-কে হাতিরঝিলের অনুষ্ঠিত লেজার শো-তে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার অনুরোধ করা হলো। ০২. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাভুক্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে বর্গিল আলোকসজ্জাসহ ব্যানার ফেস্টুন স্থাপন করার অনুরোধ করা হলো।

২১.	প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	সভাপতি মহোদয় পূর্বের আলোচনায় পুলিশ বিভাগের অনুরোধের প্রেক্ষিতে পদ্মা সেতু উদ্বোধনের দিন আমন্ত্রিত অতিথিদের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন মেয়র হানিফ ফ্লাইওভারের টোল ফ্রি করে দেওয়ার অনুরোধ জানান। এছাড়াও সভাপতি জেলা প্রশাসক, ঢাকার আয়োজিত সোহরাওয়ার্দী উদ্যানের সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাভুক্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে বর্ণিল আলোকসজ্জাসহ ব্যানার ফেস্টুন স্থাপনের নির্দেশনা প্রদান করেন।	০১. উদ্বোধনের দিন মেয়র হানিফ ফ্লাইওভারের টোল ফ্রি করে দেওয়ার জন্য মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে অনুরোধ করা হলো। ০২. জেলা প্রশাসক, ঢাকা-কে সোহরাওয়ার্দী উদ্যানের সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার অনুরোধ করা হলো। ০৩. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাভুক্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে বর্ণিল আলোকসজ্জাসহ ব্যানার ফেস্টুন স্থাপন করার অনুরোধ করা হলো। ০২. দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখার অনুরোধ করা হলো।
২২.	ডিএমপি	সভায় সভাপতি ডিএমপির প্রতিনিধিকে হাতিরঝিলের লেজার শো অনুষ্ঠান এবং সোহরাওয়ার্দী উদ্যানের সাংস্কৃতিক অনুষ্ঠানে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও, মাওয়া প্রান্তে পদ্মা সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে যাওয়ার জন্য বিদেশী রাষ্ট্রদূত, অতিথিবর্গ এবং মাননীয় মন্ত্রী, সংসদ সদস্যসহ আমন্ত্রিত সকল অতিথিদের গাড়িবহর সুশৃঙ্খলভাবে ঢাকা শহর ত্যাগ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও অনুরোধ জানানো হয়।	০১. ডিএমপি-কে হাতিরঝিলের লেজার শো অনুষ্ঠান এবং সোহরাওয়ার্দী উদ্যানের সাংস্কৃতিক অনুষ্ঠানে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। ০২. ডিএমপি-কে মাওয়া প্রান্তে পদ্মা সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে যাওয়ার জন্য বিদেশী রাষ্ট্রদূত, অতিথিবর্গ এবং মাননীয় মন্ত্রী, সংসদ সদস্যসহ আমন্ত্রিত সকল অতিথিদের গাড়িবহরকে সুশৃঙ্খলভাবে ঢাকা শহর ত্যাগ করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২৩.	বিভাগীয় কমিশনার, ঢাকা	সভাপতি মহোদয় বিভাগীয় কমিশনার, ঢাকা-কে জেলা প্রশাসক, ঢাকা, শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ-এর গৃহীত সমস্ত প্রোগ্রাম সফলভাবে সম্পন্নের ব্যাপারে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান এবং সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে অনুষ্ঠান বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন।	০১. বিভাগীয় কমিশনার, ঢাকা-কে জেলা প্রশাসক, ঢাকা, শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ-এর গৃহীত সমস্ত প্রোগ্রাম সফলভাবে সম্পন্নের ব্যাপারে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। ০২. সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
২৪.	ডিআইজি, ঢাকা রেঞ্জ	সভাপতি মহোদয় ডিআইজি, ঢাকা রেঞ্জের প্রতিনিধি-কে পুলিশ সুপার, ঢাকা, শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ-কে অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং পরিবহন ব্যবস্থার সুশৃঙ্খল বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করেন।	০১. ডিআইজি, ঢাকা রেঞ্জ-কে পুলিশ সুপার, ঢাকা, শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ-কে অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং পরিবহন ব্যবস্থার সুশৃঙ্খল বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
২৫.	জেলা প্রশাসক (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ)	সভাপতি জেলা প্রশাসক (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ)-কে যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	০১. জেলা প্রশাসক (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ)-কে পদ্মা সেতু উদ্বোধনের সার্বিক দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো।
২৬	পুলিশ সুপার (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ)	সভাপতি পুলিশ সুপার, (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ)-কে যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	০১. পুলিশ সুপার, (শরীয়তপুর, মাদারীপুর ও মুন্সীগঞ্জ)-কে জননিরাপত্তা, আইনশৃংখলা রক্ষাসহ ট্রাফিক ম্যানেজমেন্টের সার্বিক দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হলো। ০২. পুলিশ সুপার, মুন্সীগঞ্জ-কে আপ্যায়ন সংক্রান্ত চিলার ভ্যানের নিরাপত্তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি

ঘোষণা করেন।



মোঃ মনজুর হোসেন
সচিব, সেতু বিভাগ

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.১৪.০৭৪.১২.২৭০

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৪) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ৭) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৮) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৯) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ১০) সচিব, বিদ্যুৎ বিভাগ
- ১১) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১২) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
- ১৩) সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ১৪) সচিব (রুটিন দায়িত্ব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ১৫) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ১৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ১৭) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ১৮) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ১৯) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
- ২০) মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২১) প্রকল্প পরিচালক, পদ্মা সেতু নির্মাণ প্রকল্প, সেতু ভবন, বনানী, ঢাকা
- ২২) অতিরিক্ত সচিব ও উপ-প্রকল্প পরিচালক, পদ্মা সেতু নির্মাণ প্রকল্প, সেতু ভবন, বনানী, ঢাকা।
- ২৩) ডিএমপি কমিশনার, ডিএমপি কমিশনারের কার্যালয়, ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী এভিনিউ, রমনা থানা, ঢাকা ১০০০
- ২৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
- ২৫) পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ২৬) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন

- ২৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
- ২৯) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ৩০) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৩১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালক এর দপ্তর, ডাক অধিদপ্তর
- ৩২) চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
- ৩৩) মহাপরিচালক (চলতি দায়িত্ব), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
- ৩৪) প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য অধিদফতর
- ৩৫) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন
- ৩৬) মহাপরিচালক, বাংলাদেশ বেতার
- ৩৭) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩৮) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৩৯) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ হাইওয়ে পুলিশ, ঢাকা।
- ৪০) ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৪১) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, সেতু বিভাগ
- ৪২) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৪৩) একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সেতু বিভাগ
- ৪৪) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৪৫) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ, সেতু বিভাগ
- ৪৬) পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৪৭) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
- ৪৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর
- ৫০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
- ৫১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ
- ৫২) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা।
- ৫৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, শরীয়তপুর
- ৫৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, মুন্সিগঞ্জ
- ৫৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, মাদারীপুর
- ৫৬) উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
- ৫৭) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
- ৫৮) উপসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
- ৫৯) সিভিল সার্জন (চলতি দায়িত্ব), জেলা সিভিল সার্জনের কার্যালয়, মুন্সিগঞ্জ
- ৬০) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মাদারীপুর
- ৬১) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, শরীয়তপুর
- ৬২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা, সেতু বিভাগ
- ৬৩) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ
- ৬৪) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ
- ৬৫) সহকারী সচিব, প্রশাসন শাখা, সেতু বিভাগ
- ৬৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ



মোহাম্মদ আনোয়ারুল নাসের
উপসচিব